এনসিপি নেতা সারজিস আলমের বিরুদ্ধে ১০ কোটি টাকার মানহানি মামলা



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সমন্বয়ক সারজিস আলমের বিরুদ্ধে গাজীপুর সিএমএম কোর্টে ১০ কোটি টাকার মানহানির মামলা দায়ের হয়েছে। মঙ্গলবার (১২ আগস্ট) বাসন থানা বিএনপির সভাপতি তানভীর সিরাজ মামলাটি দায়ের করেন।

অভিযোগে বলা হয়, সাংবাদিক আসাদুজ্জামান তুহিন হত্যাকাণ্ডে বিএনপিকে জড়িয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালিয়েছেন সারজিস আলম, যা দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছে। বাদীর দাবি, বিষয়টি নিয়ে সারজিস আলম যাচাই-বাছাই ছাড়াই বিভ্রান্তিকর তথ্য প্রকাশ করেছেন।

মামলার শুনানি গ্রহণ করে অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত-২ এর বিচারক আলমগীর আল মামুন সিআইডিকে তদন্তের নির্দেশ দিয়েছেন।

প্রসঙ্গত, গত ৭ আগস্ট গাজীপুরের চৌরাস্তা এলাকায় দৈনিক প্রতিদিনের কাগজ-এর প্রতিনিধি সাংবাদিক আসাদুজ্জামান তুহিনকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করে একদল দুর্বৃত্ত। ঘটনার পর সারজিস আলম ফেসবুকে একটি পোস্ট দেন, যেখানে তিনি দাবি করেন—এক বিএনপি নেতার চাঁদাবাজি নিয়ে নিউজ করায় সাংবাদিক আনোয়ারকে হামলার শিকার হতে হয় এবং পরবর্তীতে তুহিনকে গাজীপুরের চৌরাস্তায় হত্যা করা হয়।

বিএনপি নেতা তানভীর সিরাজের অভিযোগ, সারজিস আলমের এই মন্তব্য ভিত্তিহীন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত, যা দলের সুনাম নষ্ট করেছে। এ কারণেই দলের নির্দেশে মানহানির মামলাটি দায়ের করা হয়েছে।